

## করণীয়

১. অবৈধভাবে স্থাপিত ও পরিচালিত ষ্টেন ক্রাশার মেশিন উচ্ছেদ করা;

২. ক্রাশিং জোন এর জন্য পরিবেশ সম্মত স্থান নির্ধারন করা;

৩. জেলা ও বিভাগীয় পর্যায়ে স্থান নির্বাচন কর্মসূচি গঠন করা এবং সরকারী ছাড়াও বেসরকারী সংগঠিষ্ঠ সংস্থা ও নাগরিক সমাজ থেকে প্রতিনিধি অন্তর্ভুক্ত করা;

৫. ক্রাশিং জোন না হওয়া পর্যন্ত সব ধরনের মেশিনের কার্যক্রম বন্ধ রাখতে হবে ;

৬. দ্রুততম সময়ের মধ্যে ক্রাশিং জোন তৈরী করা।



প্রচারে: বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতি (বেলা)  
সিলেট বিভাগীয় কার্যালয়



আমুন জনপ্রাপ্তি ও  
পরিবেশ যন্ত্রায় স্বার্থে  
অবৈধ ও যত্নে ষ্টেন  
ক্রাশার মেশিনের  
ব্যবহার বন্ধ করি

বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতি (বেলা)  
সিলেট বিভাগীয় কার্যালয়  
বাড়ী নং ৫৫, রোড নং ৪৪, উপশহর, সিলেট  
যোগাযোগ: ০১৭১২০০৮৫২৮, ০১৭২৩৯৮০৩৬৪  
Email:belasylhet@gmail.com

## স্টোন ক্রাশার মেশিন

পাথর সমৃদ্ধ সিলেটের বিভিন্ন এলাকায় পাথর প্রাণ্ডির সহজলভ্যতার কারণে ও পাথর পরিবহনের সুবিধার্থে স্টোন ক্রাশার মেশিনের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এর জন্য সিলেট অঞ্চলে ব্যাপকহারে যত্নত্ব স্টোন ক্রাশার মেশিন ব্যবসা গড়ে উঠেছে।

### পরিচিতি

■ স্টোন ক্রাশার মেশিনের সাহায্যে পাথর ভেঙে ছেট ছেট টুকরো করা হয়।

■ যন্ত্রটি সাধারণত মাটির সাথে বসানো থাকে।

■ এটি চলার সময় প্রচন্ড শব্দ তৈরি হয়।

### ব্যবহার:

সংগৃহীত পাথর বিভিন্ন আকারে ভাঙ্গানোর জন্য এই ক্রাশার মেশিন ব্যবহার করা হয়।

### নীতিমালা:

□ স্টোন ক্রাশার মেশিন স্থাপন ও পরিচালনার জন্য স্টোন ক্রাশার মেশিন স্থাপন নীতিমালা ২০০৬ প্রণয়ন হয়।  
গুরুত্বপূর্ণ শর্ত হলো: শহর, উপজেলা সদর, পৌরসভা এর গ্রোহ সেন্টারের এলাকায় স্টোন ক্রাশার মেশিন স্থাপন করা যাবেন। শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, হাসপাতাল, বসতবাড়ী, প্রধান সড়ক এবং মহাসড়কের ৫০০ মিটারের মধ্যে কোন স্টোন ক্রাশার মেশিন স্থাপন করা যাবেন।

□ কৃষি ভূমি বা বন বিভাগের ভূমিতে, পাহাড় কর্তৃন করে, জলাশয় ভরাট করে, পর্যটনের জন্য গুরুত্বপূর্ণ এলাকায় এবং পরিবেশগত ছাড়পত্র ব্যাপীত স্টোন ক্রাশার মেশিন স্থাপন করা যাবে না।

কোন ধরণের নিয়ম নীতির তোয়াক্তা না করে এবং ফলাফল না ভেবেই চলছে এসব পাথর ভাঙ্গার মেশিন। যত্নত্ব এবং অবৈধভাবে পরিচালিত এসব স্টোন ক্রাশার মেশিন জনস্বাস্থ্য পরিবেশে ও আর্থ-সামাজিক ক্ষেত্রে বিশেষ করে সিলেটের পর্যটন শিল্পে বিরাট নেতৃত্বাচক প্রভাব সৃষ্টি করছে।

### বর্তমান অবস্থা

সিলেটের সদর, দক্ষিণ সুরমা, কোম্পানীগঞ্জ, গোয়াইনঘাট, জৈন্তাপুর, কানাইঘাট উপজেলায় বিপুল সংখ্যক স্টোন ক্রাশার মেশিন আছে। সিলেট সদরের-ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর সীমানা প্রাচীর সংলগ্ন স্থানসহ ছড়ার পার, সিলেট- কোম্পানীগঞ্জ সড়ক সংলগ্ন এবং সিংগার নদী তীর সংলগ্ন, দক্ষিণ সুরমায়-সুরমা নদীর পারে এবং গুরুত্বপূর্ণ সরকারী অফিসের কাছেই, কোম্পানীগঞ্জ - ভোলাগঞ্জে ধলাই নদীর পার, পাড়ুয়া হাই স্কুল এন্ড কলেজের নিকটবর্তী স্থানে, বঙ্গবন্ধু মহাসড়কের পাশে ও পিয়াইন নদীর তীর সংলগ্ন এবং লাসুখালের উপরে, গোয়াইনঘাট - জাফলংএ সিলেট- তামাবিল সড়ক সংলগ্ন (দু'ধারে), সংরক্ষিত বনের জায়গায়, বল্লাপুঞ্জি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পাশে, বিজিবি ক্যাম্পের কাছে, মামার বাজার, জাফলং বাজার সড়কের নিকটবর্তী স্থানে, ডাউকী নদীর পারে ইসিএ সীমানার ডেতরে, জৈন্তাপুর-সিলেট- তামাবিল সড়ক সংলগ্ন সারীঘাটে কৃষিজমির উপর, সড়কের পার্শ্বে ও ক্যাপ্টেন আব্দুর রশীদ উ”চ বিদ্যালয়ের পায় ১০০ মিটারের মধ্যে ফসলী জমিতে, জামেয়া ইসলামিয়া গুলজারগুল উলুম বাংলাবাজার মাদ্রাসার পাশে, রাংপানি নদীর তীরে, আসামপাড়া আদর্শগামে শিক্ষা প্রতিষ্ঠানের নিকটবর্তী স্পনে, কানাইঘাটে - সুরমা নদীর তীর সংলগ্ন স্থানে স্টোন ক্রাশার মেশিনের কার্যক্রম চালু রয়েছে।

সিলেট জেলা	উপজেলা	ছাড়পত্র প্রাপ্ত মেশিনের সংখ্যা	মোট মেশিনের সংখ্যা
২০১৩	(সদর, কোম্পানীগঞ্জ, গোয়াইনঘাট, জৈন্তাপুর, কানাইঘাট)	৫২টি	৬৫৫টি
২০১৪	(সদর, কোম্পানীগঞ্জ, গোয়াইনঘাট, জৈন্তাপুর, কানাইঘাট)	৪১টি	৫৯৯টি
২০১৫	(সদর, কোম্পানীগঞ্জ, গোয়াইনঘাট, জৈন্তাপুর, কানাইঘাট)	২১৩টি	৬০৬টি

### স্টোন ক্রাশার মেশিনের ক্ষতিকর প্রভাব

- **পরিবেশে দূষণ:** যত্নত্ব ও অপরিকল্পিতভাবে পরিচালিত স্টোন ক্রাশার মেশিন পরিবেশের উপাদানগুলোকে (মাটি, পানি ও বায়) মারাত্মকভাবে দূষিত করছে।
- **শব্দ দূষণ :** অসন্নীয় মাত্রার শব্দের কারণে মানুষ কানে কম শোনা বা বধির রোগে ভুগছেন।
- **জনস্বাস্থ্য ;** এর থেকে স্ট ধূলা ও পাথরকণা থেকে মানুষ চর্মরোগ, সর্দি-কাশি, শ্বাসকষ্ট রোগে আক্রান্ত হচ্ছে।
- **শিক্ষার উপর প্রভাব:** শিক্ষা প্রতিষ্ঠান সংলগ্ন পরিচালিত স্টোন ক্রাশার মেশিনের বিকট শব্দ ও স্ট ধূলাবালি শিক্ষার স্বাভাবিক পরিবেশ নষ্ট করছে
- **কৃষির উপর প্রভাব :** কৃষাগত কৃষি জমিতে স্টোন ক্রাশার মেশিন স্থাপন ও পরিচালনার ফলে মাটি তার স্বাভাবিক উপাদান পানি হারিয়ে ফেলে। ফলে মাটি ফসল উৎপাদনের উপযোগিতা হারাচ্ছে। অন্যদিকে যেমন কৃষির জমির পরিমাণ হ্রাস পাচ্ছে।
- **দেশের আইন-আদালতকে উপেক্ষা করার প্রবন্ধ বৃদ্ধির আশংকা:** আইন ও উচ্চ আদালতের নির্দেশনা অমান্য করে স্টোন ক্রাশার মেশিনের কার্যক্রম চলতে থাকলে অন্যান্য অবৈধ ও তোইনি কার্যক্রমকে উৎসাহিত করবে।